ভোরের কাগজ

তারিখ ... NOV 15 1999 ...
পৃষ্ঠা ৪ কলাম ২

## ক্যাম্পাসে পুলিশ কেন!

দিনটি ছিল রোববার ৩১ অক্টোবর। আমরা ছায়ানটে ক্লাস করতে গেছি। আমরা ছিলাম তিনজন। আমার বড়ো বোন, বড়ো ভাই ও আমি। ছায়ানট ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাসেই অবস্থিত। তাই ক্লাস শেষে আমরা সকলেই ঘুরতে গেছি। আমরা কেউ-ই বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী না হলেও বিশ্ববিদ্যালয়টির সব জায়গা ভালোভাবে চিনি বা জানি। যাই হোক ঘুরতে ঘুরতে পথিমধ্যে ড. তপন সেন গুপ্ত, তার স্ত্রী এবং ছেলের সঙ্গে পরিচয় হলো। উনারা এসেছেন ভারত থেকে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস দেখার জন্য। আমরাও উনাদের সঙ্গে যোগ দিলাম এবং ঘুরে ঘুরে সবকিছু দেখাচ্ছি। যখন আমরা ডাকসু সংগ্রহশালায় যাচ্ছি তখন ডাকসুর সামনে একদল পুলিশ দেখলেন। হঠাৎ তিনি বিস্ময়ের চোখে আমাদের দিকে তাকিয়ে বললেন 'ক্যাম্পাসে পুলিশ কেন!" তাৎক্ষণিকভাবে আমরা কোনো উত্তর দিতে পারলাম না। কারণ আমি সবে সপ্তম শ্রেণীতে ভিকারুন্নেছা স্কুলে পড়ি, বোন এবার ইউনিভার্সিটিতে ভর্তি পরীক্ষা দিবে এবং ভাই নটরডেম কলেজে পড়ে। যার কারণে বিশ্ববিদ্যালয় প্রশাসন সম্পর্কে আমাদের কোনো ধারণ নেই। তবে আমরা এটুকু বললাম, ক্যাম্পাসে মারামারি হয় এ জন্য। উনি আবার প্রশ্ন করলেন। 'ক্যাম্পাসে মারামারি হয় কেন? আমরা এ প্রশ্নে খুবই লজ্জিত হলাম। লজ্জিত হলেও আমিই আমাকে জিজ্ঞাসা করলাম কেন মারামারি হবে? এই জটিল প্রশ্নটির উত্তরের অপেক্ষায় বসে রইলাম। সন্ধ্যায় যখন স্যার (প্রাইভেট টিউটর) বিশ্ববিদ্যালয় থেকে আমাকে পড়াতে আসলেন তখন স্যারকে এই প্রশ্নটি করলাম। স্যার উত্তরে বললেন, ক্যাম্পাসে ছাত্র রাজনীতির কারণে বিভিন্ন ছাত্র সংগঠনের মধ্যে হল দখলের প্রতিযোগিতা চলে, যার জন্য মাঝে মাঝে সশস্ত্র যুদ্ধ বাধে। দলীয় অন্তঃকোন্দল এবং ইদানীং মাঝে মাঝে অপহরণের মতো নোংরা কাজও হয়। এসব কারণে ঢাকা বিশ্ববিদ্যালয় ক্যাম্পাস ও হলগুলোতে সার্বক্ষণিক পুলিশ পাহারায় থাকে। আবার এই সব সন্ত্রাসের কারণে অকালে ঝরে যায় অনেক মেধাবি সম্ভাবনাময় তরুণ।

জাতির সর্বোচ্চ বিবেকের জন্ম যেখানে, সেখানে কেন পুলিশের পাহারা থাকবে, সেটা আমারও বোধগম্য নয়। তাছাড়া পৃথিবীর এমন কোনো দেশ নেই যেখানে এ ধরনের দৃষ্টান্ত আছে। যার জন্য হয়তো ড. তপন সেন গুপ্ত বিস্মিত হয়েছিলেন। এ ঘটনা থেকে একটা বিষয় সহজেই অনুমেয় হয় যে, আমাদের নৈতিকতার কতো অধঃপতন হয়েছে।

বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের কাছে এবং দেশের রাজনীতিবিদদের কাছে আমার বিনীত অনুরোধ, যে নোঙরা ছাত্র রাজনীতি কলুষিত করেছে এ দেশের সর্বোচ্চ বিদ্যাপীঠগুলোকে সেখান থেকে ফিরিয়ে আনুন ছাত্রসমাজকে। বিশ্ববিদ্যালয় ফিরে পাক তার স্বীয় ঐতিহ্য।

মুন্না, তিন্না, শিমুল
আগারগাঁও নিউ কলোনি
শেরেবাংলানগর ঢাকা-১২০৭